দর্শনায় তরিতরকারির দাম আকাশ ছোঁয়া

করোনা ভাইরাসের মহামারিতে এর প্রভাব পড়েছে সব কিছুতে। বাদ যায়নি তরি তরকারিও। চুয়াডাঙ্গা জেলার দর্শনায় কাঁচা তরকারির দাম আকাশ ছোঁয়া। এতে করে বিপাকে পড়েছেন মধ্যবিত্ত এবং নিম্ন আয়ের মানুষেরা। এই করোনা মহামারিকে কাজে লাগিয়ে কিছু অসাধু কাঁচামাল ব্যবসায়ী কাঁচামালের দাম বৃদ্ধি করে নিজের পকেট ভারী করছে।

সরেজমিনে গিয়ে দেখা গেছে মানুষের প্রতিদিনের খাবার তালিকায় থাকা আলু বিক্রি হচ্ছে কেজি প্রতি,৩০-৩৫ টাকা,পিয়াজ ৪০- ৫০ টাকা, বেগুন ৫০-৬০ টাকা, পটল ৩০-৪০টাকা, কলা ৩৫-৪০ টাকা;কচু ৫০-৬০ টাকা , শাক ৮-১০ টাকা , শশা ২৫- ৩৫ টাকা , পেপে ২০-৩০ টাকা, লাউ প্রতিপিছ ৩০-৩৫ টাকা, রসুন ১০০-১২০ টাকা, কাচকলা ৩৫-৪০ টাকা, আমড়া ২৫-৩০ টাকা, কচু ২৫-৩০ টাকা, টমেটো ১০০-১২০ টাকা, আদা ১৮০-২০০ টাকা, আর কাঁচা মরিচে ঝাল লেগে গেছে ১৮০-২০০ টাকা বিক্রি হচ্ছে খুচরা বাজারে।

এ বিষয়ে দর্শনার খুচরা কাঁচামাল ব্যবসায়ীর কাছে এই মূল্যবৃদ্ধির সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন আমরা পাইকারি কাঁচামালের আড়ত থেকে যে দামে মাল ক্রয় তার থেকে কিছুটা লাভ করে আমার বিক্রি করে থাকি, এখানে আমাদের কোনো হাত থাকে না।

মূল্য বৃদ্ধির কারণ জানতে চাইলে দর্শনার পাইকারি কাঁচামাল আড়তদাররা এ বিষয়ে বিভিন্ন অজুহাত দিতে থাকে বলেন আবহাওয়া খারাপ বৃষ্টির কারণে গাছের অনেক ক্ষতি হয়েছে, গাছ মারা গেছে , ফলনও কম হওযায় দাম বেশি হয়ে গেছে এবং চাষীর কাছ থেকে বেশি দামে ক্রয় করতে হচ্ছে বলেই দাম বেশি।

তবে বাজার ঘুরে দেখা গেছে মুদি পণ্য তেল, ডাল, মসলার দাম কিছু টা কম, কিন্তু কাঁচামালের দাম বেশি হওয়ার করাণে বিপাকে পড়েছে নিম্নআয়ের মানুষেরা। আবার আর একদিকে করোনা ভাইরাসের কারণে অনেকে কাজ হারা হয়েছে তার মধ্যে প্রতিদিনের প্রয়োজন কাঁচাতরকারির এত দাম হওয়ায় সংসার চালাতে হিমশিম খাচ্ছেন সাধারণ মানুষ।

কুড়ুলগাছিতে শিক্ষার্থীদের রাতে আড্ডা বন্ধে ঝটিকা অভিযান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীর কুড়ুলগাছি বাজারে বিভিন্ন দোকানঘরে লেখাপড়া বাদ দিয়ে বাইরে ঘোরাঘুরি করা শিক্ষার্থীদের বিরুদ্ধে এবার মাঠে নেমেছে দর্শনা থানা পুলিশ। সরকার মাদকদ্রব্য ও অপরাধমূলক কর্মকাণ্ডতে উঠতি বয়সের যুবক ও শিক্ষার্থীরা যাতে জড়িয়ে না পড়ে সে লক্ষ্যে গ্রহণ করেছেন কার্যক্রম।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলামের নির্দেশে দর্শনা থানা ব্যাপী শুরু হয়েছে পুলিশের ঝটিকা অভিযান। সন্ধ্যার পর পড়ার টেবিল ছেড়ে হাট-বাজার, কেরামবোর্ড খেলা, চায়ের দোকানের আড্ডা, নির্জন এলাকায় ঘোরাঘুরি বন্ধকরণে গতকাল সন্ধ্যা ৭ টার দিকে কুড়ুলগাছি বাজার ৪ টা দোকানে নির্জন যায়গায় চেয়ারে বসে অহেতুক আড্ডাবাজি অবস্থায় অভিযান চালিয়ে দোকানে থাকা চেয়ার গুলো জব্দ করেছেন দর্শনা থানা পুলিশ।

এ সময় এলাকার সাধারণ মানুষের মধ্যে, আই শৃংখলা রক্ষা, মাদক কারবারীদের ধরিয়ে দিতে আইন শৃংখলা বাহিনীকে সহায়তা করা সহ বিভিন্ন বিষয় দিক নির্দেশনা মূলক বক্তব্য রাখেন দর্শনা থানার অফিসার ইনচার্জ জনাব মোঃ মাহবুবুর রহমান বলেন সন্ধ্যার পর পড়ার টেবিলে না বসে কেরামবোর্ড খেলাসহ মোবাইলফোন হাতে রাস্তায় অযাচিত ঘোরাঘুরি, বন্ধুদের সাথে আড্ডা দিয়ে রাত করে বাড়ি ফেরা।

বর্তমান সময়ের উঠতি বয়সী ছাত্রদের এমন আচরণে অভিভাবকদের যখন কপালে চিন্তার ভাজ, ঠিক তখনই সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করলেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার। আরও বলেন, যুব সমাজ যাতে ধ্বংসের পথে পা বাড়াতে না পারে সে বিষয়টি মাথায় রেখেই দর্শনা থানা পুলিশের এ অভিযান অব্যাহত থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা থানার ইনেসপেক্টর (তদন্ত) জনাব ,শেখ মাহবুবুর রহমান সঙ্গীয় ফোর্সসহ উপস্থিত ছিলেন কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ এনামুল করিম(ইনু) এবং স্থানীয় এলাকার

নেতৃবৃন্দ।

সচেতন মহল সহ অভিভাবকরা এমন অভিযানকে সাধুবাদ জানিয়ে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম ও দর্শনা থানার ওসি মাহবুবর রহমান কাজলকে ধন্যবাদ জানিয়েছেন।

গাংনীর এমপি ও তাঁর পরিবারের সদস্যরা করোনামুক্ত !

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনসহ পরিবারের সকলে করোনা নেগেটিভ রিপোর্ট এসেছে । আগের দিন রাতে করোনা আক্রান্ত অবস্থায় ২১ আগস্ট উপলক্ষে একটি অনুষ্ঠানে যোগ দেন। এরপরদিন বিভিন্ন গণমাধ্যমের অনলাইনে সংবাদ প্রকাশ হয়। পরে বিকালে বিকেল সাড়ে ৫ টার দিকে এমপিসহ তাঁর পরিবারের সদস্যদেও করোনা নেগেঠিভ রিপোর্ট আসে। যা নিয়ে বিভিন্ন মাধ্যমে আলোচনা উঠে আসে।

গত ১৩ আগস্ট বৃহস্পতিবার এমপি সাহিদুজ্জামান খোকনসহ তাঁর পরিবারের মোট ৬ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে হোম আইসোলেশনে ছিলেন।

আক্রান্ত ব্যক্তিরা হলেন- এমপি সাহিদুজ্জামান খোকন (৫২), সহধর্মিনী লায়লা আঞ্জুমান বানু (৪২), ছেলে সাদিউজ্জামান সাইফ (২০), ছোট ছেলে সামিউজ্জামান সামি (১৮), ফটোগ্রাফার শামীম পারভেজ (২৬), ড্রাইভার রাশেদুল ইসলাম (২৫) ও মেড সার্ভেন্ট জাহিদুল ইসলাম (১৫)।

শনিবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম এমপিসহ তাঁর পরিবারের সকলেই করোনা নেগেটিভ হয়েছেন বলে তথ্য নিশ্চিত করেছেন।

তিনি আরো বলেন, গত ১৩ আগস্ট এমপিসহ তাঁর পরিবারের মোট ৭ জন সদস্য করোনা পজিটিভ হয়। উপজেলার স্বাস্থ্য বিভাগ ও উপজেলা

প্রশাসন পরিবারটিকে লকডাউনের আওতায় রেখে নিয়মিত স্বাস্থ্য সেবা ও প্রয়োজনীয় পরামর্শ দিয়েছেন। এমপিসহ তাঁর পরিবারের সকল সদস্য স্বাস্থ্যবিধি মেনে চলায় পরিবারের সকলে করোনা মুক্ত হয়েছেন।

বর্তমানে এমপি সহ পরিবারের সকলে সম্পূর্ণভাবে সুস্থ রয়েছেন বলে জানান মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন।

শিক্ষকের বিরুদ্ধে তিন বছর ধরে ধর্ষণের অভিযোগ এনে ছাত্রীর আত্মহত্যা

কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় এক ছাত্রী তার শিক্ষকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে আত্মহত্যা করেছেন। গতকাল শনিবার সকাল ৭টার দিকে আত্মহত্যা করেন ওই ছাত্রী। খবর পেয়ে সকাল ১০টার দিকে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। আত্মহত্যা করার আগে ওই ছাত্রী ফেসবুকে লিখেছেন, দেশে এমন শিক্ষক আরও কোন ছাত্রীর জীবনে না আসুক। সবাই আমায় মাফ করবেন।

এলাকাবাসী ও পরিবার সূত্রে জানা যায়, ওই ছাত্রীর বাড়ি কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলায়। কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজে অনার্স প্রথম বর্ষের ছাত্রী ছিলেন। ২০১৭ সালে উপজেলার কালিয়াচাপড়া চিনিকল উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পাশ করেন তিনি। বিদ্যালয়ে নবম শ্রেণিতে পড়ার সময় ওই বিদ্যালয়ের খণ্ডকালীন গণিতের এক শিক্ষক রাসেল আহমেদের কাছে প্রাইভেট পড়তেন তিনি। রাসেল আহমেদ কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলার নোয়াবাদ গ্রামের রহমত আলীর ছেলে। প্রাইভেট পড়ার সময় রাসেলের সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে উঠে সেই ছাত্রীর। বিয়ের প্রতিশ্রুতি পাওয়ায় এক পর্যায়ে দৈহিক সম্পর্কে জড়িয়ে পড়ে তারা। কিছুদিন আগে রাসেল গোপনে অন্য মেয়েকে বিয়ে করেন। এমন খবর জানতে পেরে ক্ষুব্ধ সেই ছাত্রী আত্মহত্যা করেন।

আত্মহত্যা করার আগে তিনি ফেসবুকে লিখেছিলেন, বিয়ের প্রতিশ্রুতি দিয়ে তিন বছর ধরে ছাত্রীকে ধর্ষণের পরে অন্য মেয়েকে বিয়ে করে

ছাত্রীকে আত্মহত্যা করতে বাধ্য করায় আমার প্রিয় শিক্ষক। আর সেই ভাগ্যবান ছাত্রী আমি নিজে। আল্লাহ আমায় মাফ করো। দেশে এমন শিক্ষক আরও কোন ছাত্রীর জীবনে না আসুক। সবাই আমায় মাফ করবেন, সদ্য এসএসসি পাস করা একটা মেয়ে বিয়ের মানে-এসব জানতামই না। ভদ্র স্যারকে বিশ্বাস করতাম, যা বলতো তাই শুনতাম। যাই হোক, ভাল থাক সে….বিদায়।
সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুরে আউশ ধান কাটা উৎসব

মেহেরপুর সদর এর কালাচাঁদপুর মাঠে আউশ ধান কর্তন উৎসব পালন করা হয়।

শনিবার সকালে মেহেরপুর সদর এর কালাচাঁদপুর মাঠে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে ভার্চুয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে আউশ ধান কর্তন উৎসব পালন করা হয় ।

এ সময় ভিডিও কনফারেন্সে (জুম)প্রধান অতিথি হিসেবে কৃষি মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন(এমপি)।

কৃষিমন্ত্রী বলেন, মেহেরপুর মুজিবনগর একটি ঐতিহাসিক স্থান, যেটা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণ করা হয়েছে। মেহেরপুরের মাটি এতটাই উর্বর যেখানে সব ধরনের ফসল অনায়াসে উৎপাদন করা সম্ভব।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ কৃষি সম্মৃদ্ধ দেশ । আমার মেহেরপুর জেলা তার মধ্যে অন্যতম। আমরা মেহেরপুর জেলাকে নিয়ে গর্ব করি। আপনারা জানেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয়েকবার মেহেরপুর এসেছেন এবং কৃষি খাত নিয়ে কথা বলেছেন।

আমাদের মেহেরপুর জেলাবাসী সম্পূর্ণ কৃষি খাতের উপর নির্ভরশীল । মেহেরপুর জেলার মাটি খুবই উর্বর। ১০ বছর পর অতিবৃষ্টির কারণে মেহেরপুর জেলার বিভিন্ন ফসলের জমি ডুবে গেছে সে ক্ষেত্রে বিএডিসি

থেকে কিছু জমি পরিদর্শন করেছে এবং সেখানে কিছু জমি প্রকল্পে আওতায় আনা হবে বলে জানিয়েছেন।

এখন আবার মেহেরপুরের মাটিতে মালটা, পেয়ারা, ড্রাগন ফল সহ বিভিন্ন জাতের ফসল ব্যাপকভাবে চাষ হচ্ছে । এমন কোন ফসল নেই যে আমাদের মেহেরপুরের মাটিতে চাষ হয় না। সেইসাথে কৃষকের ঘরে ঘরে কিন্তু একটি দুইটি করে গরু পালিত হয় । আমরা বলতে পারি আমাদের কৃষি ইনস্টিটিউট নাই কিন্তু আমরা বলতে পারব আমরা কৃষি সমৃদ্ধ এলাকায় বসবাস করি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের কৃষি সচিব নাসিরুজ্জামান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক আব্দুল মুঈদ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর ও মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি প্রমুখ।

ব্যবস্থা নেওয়া হয়নি কারো বিরুদ্ধে

মেহেরপুরের গাংনীর কাজিপুর মাধ্যমিক বিদ্যালয় ভবন নির্মান কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহারের ঘটনায় ঠিকাদার ও সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়নি।

উল্টো শনিবার সকালে তড়িঘড়ি করে ছাদ ঢালাই সম্পন্ন করা হয়েছে। এ নিয়ে স্থানীয়দের মধ্যে ক্ষোভ থাকলেও শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর মেহেরপুরের ভারপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী মো: জাহেদুল করিম রহস্যজনক ভুমিকা পালন করছে।

তবে এ ঘটনায় মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কোন ব্যবস্থা গ্রহন না করায় প্রধান শিক্ষা প্রকৌশলী বরাবর এলাকাবাসির পক্ষ থেকে ঠিকাদার ও প্রকৌশলী সহ অভিযুক্তদের লিখিত অভিযোগ করা হবে বলে জানা গেছে।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী সুব্রত

গাংনী সিমান্তে ১শ’৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী সিমান্তের ১শ’৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি।

শনিবার দিবাগত মধ্যেরাতে উপজেলার তেঁতুলবাড়িয়া সীমান্তের পাশ্চিমপাড়া মাঠ থেকে পরিত্যাক্ত অবস্থায় ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়। এদিকে একের পর সীমান্তে ফেন্সিডিল,গাঁজা ও মদ সহ দুএকজন আটক হলেও বেশিরভাগ অভিযানে মাদক উদ্ধার হয় পরিত্যাক্ত অবস্থায়।

একটি পরিসংখ্যন বলছে বিজিবি অভিযানে ৯০ ভাগই পরিত্যাক্ত অবস্থায় মালামাল উদ্ধার করা হয়। তবে পরিত্যাক্ত এসব মাদকের কোন মালিকানা সনাক্ত করতে পারেনি বিজিবি।

তেঁতুলবাড়িয়া বিওপি ক্যাম্প কমান্ডার আবুল হোসেন,সীমান্তের ১৩৯/২ এস পিলার এলাকায় টহল দেওয়ার সময় মুখবাধা অবস্থায় একটি বস্তা পাওয়া যায়। বস্তাখুলে ১শ’৫২ বোতল ফেন্সিডিল পাওয়া যায়।

ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় গাংনী থানায় সাধারন ডায়েরী করা হবে। তিনি আরো বলেন, ধারনা করা হচ্ছে বিজিবি সদস্য’দের উপস্থিত টের পেয়ে মাদক পাচারকারী বস্তা ফেলে পালিয়ে গেছে। তবে ফেন্সিডিল পাচারকারীদের সনাক্তের চেষ্টা চলছে।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ বিজিবি’র সিইও লে: কর্নেল ফরহাদ হোসেন জানান,সীমান্তে বিজিবি সদস্যরা মাদক সহ চোরাচালানি রোধে কাজ করছে। সকলের সহযোগিতায় সীমান্ত থেকে মাদক পাচার বন্ধ করা হবে।

মেহেরপুরে ছাত্রলীগ নেতা মাসুদের মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি

লাগাবো বৃক্ষ বাঁচাবো দেশ শেখ হাসিনার নির্দেশ, লাগাবো বৃক্ষ গড়বো দেশ, ছাত্রলীগের নির্দেশ।তারি ধারাবাহিকতায় মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানার উদ্যোগে, মেহেরপুর পৌর মেয়র মোঃমাহফুজর রহমান রিটন এর সহযোগিতায় এক মাস ব্যাপি বৃক্ষ রোপন কর্মসূচি।”মুজিব বর্ষের আহ্বান
তিনটি করে গাছ লাগান”

শনিবার বিকেলে আমঝুপি ইউনিয়নের মদনাডাঙ্গা গ্রামে দুই শতাধিক বৃহ্মরোপন করা হয় এবং এ কার্যক্রম মাসব্যাপী অব্যাহত থাকবে ববে জানান । তারি ধারাবাহিকতায় আজ পঞ্চম দিনের মত বৃক্ষরোপণ কর্মসূচি করা হয় ।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আব্দুল বাসেদ অভিক, সহ-সভাপতি মোঃসান,উপ-প্রচার সম্পাদক মোঃনাহিদ হাসান, উপ-শিহ্মা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক মোঃহৃদয়, সাবেক শিহ্মা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক মেহেরপুর সরকারি কলেজ শাখা মোঃসাঈদ রানা,সাবেক উপ-প্রচার সম্পাদক মোঃইয়াছির আরাফাত ফাহিম,ছাত্র নেতা রাজু, আলমগীর,আহানুর, শাকিল।

করোনায় আরও ৪৬ জনের প্রাণহানি, আক্রান্ত ২২৬৫

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৯০৭ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ২৬৫ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত

হলেন ২ লাখ ৯২ হাজার ৬২৫ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৯৫২ জন এবং মোট সুস্থ ১ লাখ ৭৫ হাজার ৫৬৭ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১১ হাজার ৩৫৬টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ২৬৫ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ২ লাখ৯২ হাজার ৬২৫।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১৯ দশমিক ৯৫ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৪৬ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়া রোগীদের মধ্যে ৩৬ পুরুষ ও নারী ১০ জন। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৯০৭ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৯৫২ জন এবং মোট সুস্থ ১ লাখ ৭৫ হাজার ৫৬৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৬০ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ৩৪ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

সূত্র- যুগান্তর

করোনা আক্রান্ত হয়েও অনুষ্ঠানে যোগ দিলেন সাহিদুজ্জামান এমপি

মেহেরপুর-২ (গাংনী) আসনের সাংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান গত ১৩ আগষ্ট সপরিবারে করোনায় আক্রান্ত হয়েছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরিত লকডাউন স্টিকার ঝুলছে তার বাড়িতে। তিনি লকডাউন ভেঙ্গে গতকাল শুক্রবার ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদ সভা করলেন অর্ধশতাধিক নেতাকর্মী নিয়ে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গত শুক্রবার রাত ৯টায় গাংনী পৌরশহরের থানা পাড়া সড়কে সংসদ সদস্যর ভাড়া বাসার সামনে ২১ আগষ্ট গ্রেনেড হামলার প্রতিবাদ সভায় প্রধান অতিথি হিসেবে স্বশরিরে উপস্থিত থেকে তিনি বক্তব্য প্রদান করেন।

গত ১৩ আগস্ট সাহিদুজ্জামান এমপি পরিবারসহ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। সাহিদুজ্জামান ক্ষমতাসীন আওয়ামী লীগের সাংসদ। উপজেলা আওয়ামী লীগের সভাপতি। তাঁর স্ত্রী লাইলা আরজুমান, ছেলে সাদিউজ্জামান সাইফ, সামিউজ্জামান সামি করোনা পজেটিভ। পরিবারের সদস্য ছাড়াও তাঁর ব্যাক্তিগত গাড়িচালক শামীম পারভেজ, পিএস সবুজ আহমেদ, সহকারি রাশেদ রাইহান করোনায় আক্রান্ত হন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল ইসলাম বলেন, সাহিদুজ্জামান এমপি পরিবারসহ করোনায় আক্রান্ত হয়েছে। গাংনী পৌর শহরের বাসায় তিনি স্বপরিপারে হোম আইসোলেশনে রয়েছে। তিনি ও তারঁ পরিবারের প্রত্যেক সদস্য সুস্থ্য রয়েছেন।
এ ব্যাপারে জানতে চাইলে জেলা সিভিল সার্জন নাসির উদ্দিন বলেন, সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান সপরিবারে করোনায় আক্রান্ত রয়েছেন। তার বাসভাবন লকডাউন করা হয়েছে ১৪ দিনের জন্য। দায়িত্বশিল সাংসদ হয়ে তিনি লকডাউন না মানলে কি করার আছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সেলিম শাহনেওয়াজ বলেন, সংসদ সদস্য সাহিদুজ্জামান সপরিবারে করোনায় আক্রান্ত হওয়ার পরে তার বাসা লকডাউন করা হয়েছে। লকডাউনের মাত্র ৯দিন অতিক্রম করেছে। দায়িত্বশিল ব্যাক্তিদের অবশ্যই সরকারি নির্দেশনা মানা উচিত।